

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯১৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. ইকামত এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ

بَابُ ذِكْرِ الْإِقَامَةِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهَا

আরবী

حَدَّقَنَا أَبُو مُحَمَّد بِنُ صَاعِد ، ثَنَا الْحَسَنُ بِن يُونُسَ ، ثَنَا الْأَسْوَدُ بِن عَامِر ، ثَنَا أَبُو بَكْرِ بِن عَيْاشٍ ، عَن الْأَعْمَشِ ، عَنْ عَمْرِو بِن مُرَّة ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بِن أَبِي لَيْلَى ، عَنْ مُعَاذِ بِن جَبَل ، قَالَ : " قَامَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ : عَبْدُ اللَّهِ بِنُ زَيْد _ يَعْنِي : إِلَى النَّبِيّ _ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، إِنِّي رَأَيْتُ فِي النَّوْمِ كَأَنَّ رَجُلًا نَزَلَ مِنَ السَّمَاءِ عَلَيْهِ بُرْدَانِ أَخْضَرَانِ ، نَزَلَ عَلَى جَذْمِ حَائِطٍ مِنَ الْمَدِينَةِ ، فَأَذَّنَ مَثْنَى مَثْنَى ، ثُمَّ السَّمَاءِ عَلَيْهِ بُرْدَانِ أَخْضَرَانِ ، نَزَلَ عَلَى جَذْمِ حَائِطٍ مِنَ الْمَدِينَةِ ، فَأَذَّنَ مَثْنَى مَثْنَى ، ثُمَّ السَّمَاءِ عَلَيْهِ بُرْدَانِ أَخْضَرَانِ ، نَزَلَ عَلَى جَذْمِ حَائِطٍ مِنَ الْمُدِينَةِ ، فَأَذَّنَ مَثْنَى مَثْنَى ، ثُمَّ السَّمَاءِ عَلَيْهِ بُرْدَانِ أَخْضَرَانِ ، نَزَلَ عَلَى جَذْمِ حَائِطٍ مِنَ الْمُدِينَةِ ، فَأَذَّنَ مَثْنَى مَثْنَى ، ثُمَّ جَلَسَ ثُمَّ قَامَ فَقَالَ مَثْنَى مَثْنَى . _ قَالَ أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ : عَلَى نَحْوٍ مِنْ أَذَانِنَا الْيَوْمَ _ جَلَسَ ثُمَّ قَامَ فَقَالَ مَثْنَى مَثْنَى . _ قَالَ أَبُو بَكْر بْنُ عَيَّاشٍ : عَلَى نَحْوٍ مِنْ أَذَانِنَا الْيَوْمَ _ وَلَكِنَّهُ سَبَقَنِى مَثْنَى اللَّهُ عَنْهُ _ : قَدْ رَأَيْتُ مِثْلَ الَّذِي رَأَى ، وَلَكَ نَا اللَّهُ عَنْهُ _ : قَدْ رَأَيْتُ مِثْلَ الَّذِي رَأَى ، وَلَكِنَّهُ سَبَقَنِى

বাংলা

৯১৩(৩১). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... মু'আয ইবনে জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একজন আনসার ব্যক্তি অর্থাৎ আবদুল্লাহ ইবনে যায়েদ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দাঁড়িয়ে বললেন, ইয়া রাসূলাল্লাহু! আমি ঘুমন্ত অবস্থায় স্বপ্নে দেখেছি যে, দু'টি সবুজ রং-এর চাদর পরিহিত এক ব্যক্তি উপর থেকে নেমে এসেছেন। তিনি মদীনার একটি দেয়ালের পাদদেশে নামলেন এবং আযানের শব্দগুলো দুইবার করে বললেন, তারপর বসলেন, অতঃপর দাঁড়িয়ে আবার দুইবার করে (ইকামত) বললেন। আবু বাকর ইবনে আয়্যাশ (রহঃ) বলেন, আমাদের আজ-কালকার আযানের অনুরূপ। তিনি বলেন, বিলালকে শিক্ষা দাও। উমার (রাঃ) বলেন, অবশ্য আমিও স্বপ্নে দেখেছি যা তিনি দেখেছেন, কিন্তু তিনি আমার চেয়ে অগ্রগামী হয়েছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=80702}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন